প্রকল্পের তথ্য প্রদানের ছক: ২০২২-২০২৩ অর্থ বছর

<table>
<tr><th>ক্রমিক নং</th><th>বিষয়বস্তু</th><th>বিবরণ</th></tr>
<tr><td>১</td><td>প্রকল্পের নাম</td><td>উদ্ভাবন ও উদ্যোক্তা উন্নয়ন একাডেমী প্রতিষ্ঠাকরণ (২য় সংশোধিত) প্রকল্প</td></tr>
<tr><td>২</td><td>মেয়াদ</td><td>জুলাই ২০১৬ - জুন ২০২৩ (প্রস্তাবিত তৃতীয় সংশোধিত মেয়াদকাল জুন-২০২৬ পর্যন্ত)</td></tr>
<tr><td>৩</td><td>প্রাক্কলিত ব্যয়</td><td>
<table>
<tr><th>অর্থের উৎস</th><th>পরিমান</th></tr>
<tr><td>বৈদেশিক সাহায্য</td><td>--- (লক্ষ টাকায়)</td></tr>
<tr><td>জিওবি</td><td>২৭১৬৫.০০ (লক্ষ টাকায়)</td></tr>
<tr><td>মোট</td><td>২৭১৬৫.০০ (লক্ষ টাকায়)</td></tr>
</table>
</td></tr>
<tr><td>৪</td><td>জনবল</td><td>কর্মকর্তা: ৭ জন (প্রেষণে ২ জন প্রকল্প পরিচালক এবং উপ-প্রকল্প পরিচালক) সরাসরি নিয়োগ ৫ জন

পরামর্শক: ১৪ জন

কর্মচারী: ৮ জন (সরাসরি নিয়োগ- ৪ জন, আউটসোর্সিং নিয়োগ-৪ জন)</td></tr>
<tr><td>৫</td><td>পটভূমি</td><td>ডিজিটাল বাংলাদেশ এখন আমাদের বাস্তবতা। ২০৪১ সালের মধ্যে “স্মার্ট বাংলাদেশ” গড়ার লক্ষ্য নিয়ে এগিয়ে যাচ্ছে বাংলাদেশ। এ ক্ষেত্রে উদ্ভাবন কেন্দ্রিক অর্থনীতির উন্নয়ন ও উল্লেখযোগ্য প্রবৃদ্ধি বজায় রাখার জন্য দেশে উদ্যোক্তা সংস্কৃতি ও উদ্ভাবন ইকোসিস্টেম তৈরি করা প্রয়োজন। ২০০৯ সাল থেকে বাংলাদেশ সরকারের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের অধীন সংস্থাগুলো ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নের চারটি স্তম্ভ যথা: দক্ষ মানবসম্পদ উন্নয়ন, কানেক্টিভিটি, ডিজিটাল গভর্নমেন্ট এবং আইসিটি ইন্ডাস্ট্রি প্রোমোশনকে ঘিরে নানা উদ্যোগের বাস্তবায়ন করা হয়। এরই আলোকে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের (বিসিসি) আওতায় “উদ্ভাবন ও উদ্যোক্তা উন্নয়ন একাডেমী প্রতিষ্ঠাকরণ (iDEA) প্রকল্প”২০১৬ সাল থেকে উদ্ভাবন সহায়ক ইকোসিস্টেম ও উদ্যোক্তা সংস্কৃতি তৈরিতে নিরলসভাবে কাজ করছে। উদ্ভাবনী পণ্যের উন্নয়ন, গতিশীল গতিশীল উদ্ভাবন ও নতুন কর্মসংস্থান সৃষ্টি, কারিগরি দক্ষতার উন্নয়ন এবং ডিজিটাল বাংলাদেশের বাস্তাবায়ন ঘটাতে এই প্রকল্প ব্যাপক ভূমিকা পালন করবে।

প্রকল্পের আওতায় উদ্যোক্তাদেরকে ট্রেনিং, মেন্টরিং , কো-ওয়াকিং স্পেস প্রদান , মেধা সম্পদ সংরক্ষণ সুবিধাসহ অনুদান প্রদান করা হচ্ছে। এ ছাড়া সিড ও গ্রথ স্টেইজে স্টার্টআপদের ইকুইটি , কনভারটিবল ডেট (Debt) এর মাধ্যমে বিনিয়োগ করার লক্ষ্যে Startup Bangladesh Ltd. নামে একটি ভেঞ্চার ক্যাপিটাল কোম্পানি গঠন করা হয়েছে। উদ্যোক্তা উন্নয়নকে ত্বরান্বিত করা ও সাফল্য অর্জনের লক্ষ্যে সরকারের এই বিনিয়োগের মাধ্যমে মূলধন সহায়তা প্রদান করা হবে। ন্যায়সঙ্গত , স্বচ্ছ এবং জবাবদিহিতামূলক প্রক্রিয়া অনুসরণ করে এই অর্থায়ন উদ্ভাবন ও উদ্যোক্তা উন্নয়নে ব্যাপক ভূমিকা রাখবে।</td></tr>
<tr><td>৬</td><td>লক্ষ্য ও উদ্দেশ্য</td><td>• বাংলাদেশে একটি উদ্ভাবনী ইকোসিস্টেম এবং উদ্যোক্তা বান্ধব সংস্কৃতি তৈরি;
• মেধা সম্পদ সংরক্ষণ;
• প্রযুক্তিনির্ভর উদ্ভাবন ও উদ্যোক্তা সংস্কৃতির উন্নয়ন;
• তরুণ উদ্ভাবকদের সক্ষমতা বৃদ্ধি;
• উদ্ভাবনী আইডিয়াসমূহ চিহ্নিতকরণ এবং উন্নয়নের জন্য প্রাতিষ্ঠানিক কাঠামো প্রদান;
• জনস্বার্থ ও জাতীয় স্বার্থে উদ্ভাবনী আইসিটি পণ্য ও সেবা তৈরী;
• উদ্ভাবনী পণ্যের বাণিজ্যিকীকরণ এবং ব্রান্ডিং এ সহায়তা প্রদান।
• Interoperable Digital Transaction Platform (IDTP) বাস্তবায়ন।
• উদ্ভাবন ও উদ্যোক্তা উন্নয়ন একাডেমী প্রতিষ্ঠা করা;
• ৯০০ উদ্ভাবনী আইসিটি পণ্য ও সেবা তৈরীতে সহায়তা প্রদান;
• স্টার্টআপ কোম্পানিসমূহে সরকারের পক্ষে বিনিয়োগের উদ্দেশ্যে একটি পাবলিক লিমিটেড কোম্পানি গঠনের ভূমিকা পালন;
• ১০০ উচ্চশিক্ষা প্রতিষ্ঠানে ইনোভেশন পাইপলাইন তৈরি;
• ‘বঙ্গবন্ধু ইনোভেশন গ্র্যান্ট (BIG)’ আয়োজন করা;
• ২০০০ জন ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাকে অনুদান প্রদান;</td></tr>
</table>

		• ‘৪০০ টি প্রি-সীড লেভেলের স্টার্টআপকে অর্থায়ন করা; • প্রতিষ্ঠানসমূহের অর্থ লেনদেন, স্থানান্তর, ই-কমার্স, এম-কমার্স, বিল পেমেন্ট, মার্চেন্ট পেমেন্ট, রেমিটেন্স আদান প্রদান, মেশিন-টু-মেশিন পেমেন্ট ইত্যাদির মাধ্যমে আর্থিক অন্তর্ভুক্তি ও ক্যাশলেস সোসাইটি তৈরির জন্য Interoperable Digital Transaction Platform (IDTP) বাস্তবায়ন ও একটি পুর্নাংগ সিস্টেম হিসেবে প্রতিষ্ঠা করার জন্য এর আপগ্রেডেশন; • স্থাপিত ফেব্রিকেশন ল্যাব (ফ্যাব ল্যাব)-কে পূর্ণাঙ্গ ফ্যাব ল্যাব হিসেবে রূপান্তরকরণ।
৭	প্রকল্পের উল্লেখ্যযোগ্য কম্পোনেন্ট	• Interoperable Digital Transaction Platform (IDTP)/বিনিময় • ইউনিভার্সিটি এক্টিভেশন প্রোগ্রাম আয়োজন করা • Web Platform Development (Hasina & Friends): • স্টার্টআপ ইকোসিস্টেম গঠন • স্টার্টআপকে ফান্ডিং করা • এসএমই নারী উদ্যোক্তাদের অনুদান প্রদান • ফেব্রিকেশন ল্যাব (ফ্যাব ল্যাব) প্রতিষ্ঠা করা • বঙ্গবন্ধু ইনোভেশন গ্রান্ট (‘বিগ’) আয়োজন করা
৮	বাস্তবায়ন অগ্রগতি	**২০২২-২০২৩** অর্থ বছরের উল্লেখ্যযোগ্য কার্যক্রম ও বাস্তবায়ন অগ্রগতি ▪ প্রি-সিড গ্রান্ট: প্রি-সিড গ্রান্ট-এর আওতায় এ পর্যন্ত মোট ৩১৩ টি স্টার্টআপকে ২৮ কোটি ৩৮ লক্ষ ৮০ হাজার টাকা অনুদান প্রদানের জন্য সুপারিশ করা হয়েছে এবং ১৯ কোটি ৮১ লক্ষ টাকা প্রদান করা হয়েছে। ২০২২-২৩ অর্থ বছরে নতুন আরও ২০ জন স্টার্টআপ প্রত্যেককে ১০ (দশ) লক্ষ টাকা করে মোট ২ (দুই) কোটি টাকা প্রদান করার সুপারিশ করা হয়। ▪ ট্রেনিং, সেমিনার, ওয়ার্কশপ আয়োজন: প্রকল্পের আওতায় অনুষ্ঠিত ২৪টি ট্রেনিং, মেন্টরিং, সেমিনার এবং ওয়ার্কশপের মাধ্যমে সর্বমোট ১৪২৭ জনকে ট্রেনিং প্রদান করা হয়েছে। ▪ এসএমই নারী উদ্যোক্তাদের অনুদান প্রদান: প্রকল্প দলিলে ২০০০ জন এসএমইকে এককালীন ৫০,০০০ টাকা করে অনুদান প্রদানের সংস্থান রয়েছে। তন্মধ্যে ১৯৭৭ জন নারী উদ্যোক্তাদকে অনুদান প্রদান করা হয়েছে। ▪ ইউনিভার্সিটি এক্টিভেশন প্রোগ্রাম সংক্রান্ত: দেশের ৪৬টি সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়ের মধ্যে ১৫টি বিশ্ববিদ্যালয়ে ফিজিক্যাল এক্টিভিশন প্রোগ্রাম সম্পন্ন হয়েছে। ▪ ‘বিগ’ এর প্রোগ্রাম আয়োজন সংক্রান্ত: ২০২২-২০২৩ অর্থ বছরে ‘বিগ’ এর ৩য় প্রোগ্রাম আয়োজন সম্পন্ন হয়েছে। উক্ত প্রোগ্রামের আওতায় বিজয়ী ২ জন স্টার্টআপকে ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকা করে ১ (এক) কোটি টাকা এবং আরও ৫০ জন স্টার্টআপকে ১০ (দশ) লক্ষ টাকা করে মোট ৫ (পাঁচ) কোটি টাকা পুরস্কৃত করা হবে। ▪ ইন্টারপারেবল ডিজিটাল ট্রানজেকশন প্ল্যাটফর্ম (আইডিটিপি)/‘বিনিময়’: গত ১৩ নভেম্বর ২০২২ বিনিময়/Interoperable Digital Transaction Platform (IDTP) এর উদ্বোধন করা হয়। উক্ত ইন্টারপারেবল ডিজিটাল ট্রানজেকশন প্ল্যাটফর্ম (আইডিটিপি)/‘বিনিময়’ প্রতিষ্ঠানসমূহের অর্থ লেনদেন, স্থানান্তর, ই-কমার্স, এম-কমার্স, বিল পেমেন্ট, মার্চেন্ট পেমেন্ট, রেমিটেন্স আদান প্রদান, মেশিন-টু-মেশিন পেমেন্ট ইত্যাদির মাধ্যমে আর্থিক অন্তর্ভুক্তি ও ক্যাশলেস সোসাইটি তৈরির জন্য বিশেষভাবে সহায়ক ভূমিকা পালন করবে। ▪ Web Platform Development (Hasina & Friends): হাসিনা এন্ড ফ্রেন্ডস ওয়েব প্লাটফর্মটি গত ২৮ সেপ্টেম্বর, ২০২২ ইং তারিখ উদ্বোধন করা হয়। প্লাটফর্মটি অধিক ইউজার ফ্রেন্ডলি এবং কর্মক্ষমতা বাড়ানোর জন্য এতে আরও নতুন ফিচার যেমন- Gamification and Education এবং ২২টি ঐতিহাসিক স্থানের উপর VR Component যুক্ত করা হয়েছে যার মাধ্যমে উক্ত স্থান সমূহের ঐতিহাসিক, প্রত্নতাত্ত্বিক, শিক্ষা ও ঐতিহ্যগত এবং শৈল্পিক গুরুত্ব তুলে ধরা হবে। ▪ ফেব্রিকেশন ল্যাব (ফ্যাব ল্যাব) প্রতিষ্ঠা করা: উদ্ভাবন ও উদ্যোক্তা উন্নয়ন একাডেমী

		বাংলাদেশের একটি আধুনিক ও যুগোপযোগী উদ্যোক্তা উন্নয়ন প্রতিষ্ঠান হিসেবে গড়ে তোলার জন্য আইডিয়া ফ্যাব ল্যাব এ প্রোটোটাইপ পিসিবি (প্রিন্টেড সার্কিট বোর্ড) ডিজাইন ও ফেব্রিকেশন এর কাজ পূর্ণোদ্দমে শুরু হয়েছে। ইতিমধ্যে আইডিয়া পোর্টফলিও অন্তর্ভুক্ত স্টার্টআপগুলি এই সুবিধা ফ্রি অফ চার্জ গ্রহণ করছে। বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ছাত্র ও গবেষক গন পিসিবি ডিজাইন ও ফেব্রিকেশন সংক্রান্ত প্রশিক্ষণ গ্রহণ ও প্রোটোটাইপ পিসিবি প্রস্তুতের সুবিধা এবং এর পাশাপাশি iDEA Portfolio এর অন্তর্ভুক্ত স্টার্টআপগুলি 4IR, IIoT, embedded system, Robotics ও AR/VR প্রযুক্তি সুবিধা আইডিয়া ফ্যাব ল্যাব থেকে গ্রহণ করছে। ▪ স্টার্টআপ ইকোসিস্টেম গঠনে ইন্ডাস্ট্রি কোলাবরেশন ও সমঝোতা স্মারক স্বাক্ষর: জুন ২০২৩ পর্যন্ত দেশিয় স্টার্টআপদের কল্যাণে iDEA প্রকল্প মোট ৩২টি প্রতিষ্ঠান -এর সাথে সমঝোতা স্মারক স্বাক্ষর করে।
		২০২২-২০২৩ অর্থ বছরের আর্থিক অগ্রগতি: ৯৬.২৩%। বাস্তব অগ্রগতি: ১০০%।
৯	প্রশিক্ষণ	স্থানীয়: ১৪২৭ জন বৈদেশিক: ০ জন
১০	সেমিনার/কর্মশালা/আয়োজিত ইভেন্ট ও প্রতিযোগিতা	**২০২২-২০২৩** অর্থ বছরের **সেমিনার/কর্মশালার বিবরণ সহ অংশগ্রহণকারীর মোট সংখ্যা** : ৩টি কর্মশালায় মোট ৫৩৬ জন অংশগ্রহণ করে। **আয়োজিত ইভেন্ট:** ৯ ফেব্রুয়ারি-২০২৩ হতে ১১ ফেব্রুয়ারি-২০২৩ পর্যন্ত "আইসিটি ডিভিশন প্রেজেন্টস্ ৬ষ্ঠ ডিআরএমসি পেট্রোমেক্স রিফাইনারী লিমিটেড ইন্টারন্যাশনাল টেক কার্নিভাল- ২০২৩ আয়োজন করা হয়।

১১।	স্থির চিত্র	 **Figure 1:** ৬ষ্ঠ ডিআরএমসি পেট্রোমেক্স রিফাইনারী লিমিটেড ইন্টারন্যাশনাল টেক কার্নিভাল- ২০২৩ এর বিভিন্ন স্টল পরিদর্শন করেন প্রকল্পের প্রকল্প পরিচালক জনাব মোঃ আলতাফ হোসেন। **Figure 2:** স্মার্ট নারী উদ্যোক্তা অনুদান প্রদান অনুষ্ঠান ২০২২ এর প্রধান অতিথি বাংলাদেশ জাতীয় সংসদের মাননীয় স্পীকার ড. শিরীন শারমিন চৌধুরী এবং অনুষ্ঠানের সভাপতি তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের মাননীয় প্রতিমন্ত্রী জুনাইদ আহ্‌মেদ পলক, এমপি সহ অন্যান্য অতিথিদের সাথে নারী উদ্যোক্তা প্ল্যাটফর্মের প্রতিনিধিগণ। **Figure 3:** ১৭ জুন ২০২৩ বঙ্গবন্ধু ইনোভেশন গ্রান্ট (বিগ) এর চূড়ান্ত অনুষ্ঠানে বিজয়ী স্টার্টআপদের মাঝে পুরস্কার তুলে দিচ্ছেন বিগ প্রোগ্রামের প্রধান অতিথি প্রধানমন্ত্রীর বেসরকারি শিল্প ও বিনিয়োগ উপদেষ্টা সালমান এফ রহমান, এমপি ও তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের মাননীয় প্রতিমন্ত্রী জনাব জুনাইদ আহমেদ পলক।

		 Figure 4: iDEA Basis 101 এর প্রশিক্ষণ শেষে প্রশিক্ষণের সনদ প্রদান অনুষ্ঠানে প্রকল্পের প্রকল্প পরিচালক জনাব মোঃ আলতাফ হেসেন সহ প্রশিক্ষণার্থী।